# উন্নয়ন বার্তা

## খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক প্রকাশনা

জুন - আগস্ট, ২০২০ | সংখ্যা- ৭

























# জেলা প্রশাসন, খুলনা

ওয়েব সাইট : www.khulna.gov.bd

# বাণী



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে জাতি যখন 'মুজিববর্ষ' উদযাপনের অপেক্ষায় ঠিক তখনই করোনা ভাইরাস মহামারী আকারে বিস্তার লাভ করে বাংলাদেশে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী 'মুজিববর্ষ' উদযাপন সীমিত করে করোনা ভাইরাস মোকাবেলায় নির্দেশ দেন জনপ্রশাসনসহ বাংলাদেশের সর্বস্তরের মানুষকে। খুলনা জেলা প্রশাসন সীমিত পরিসরে 'মুজিববর্ষ' উদযাপনের সাথে সাথে ঝাঁপিয়ে পড়ে করোনা মোকাবেলায়। জেলা প্রশাসনের সমন্বয়ে এবং জেলার সংশ্লিষ্ট দপ্তরসমূহের সমন্বিত উদ্যোগে আগস্ট, ২০২০-এর শেষ পর্যায়ে খুলনায় করোনা সংক্রমণের হার কমতে থাকে। করোনা মোকবেলায় খুলনা জেলা প্রশাসন অনেক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছে যা মানুষকে ঘরে বসে সেবা পেতে সাহায্য করেছে। করোনাকালের এমন অসংখ্য উদ্যোগ ও উন্নয়নের চিত্র 'উন্নয়ন বার্তা' নামক খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক সাময়িকীতে উঠে এসেছে যা কালের সাক্ষী হিসেবে দালিলিকভাবে সংরক্ষিত হবে বলে আমি আশাবাদী।

উন্নয়নের ধারাবাহিকতায় 'উন্নয়ন বার্তা' এর সপ্তম সংখ্যা প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত এবং এই প্রকাশনাটির উত্তরোত্তর সাফল্য কামনা করছি। এই সংখ্যা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন।

ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার
বিভাগীয় কমিশনার, খুলনা

# বাণী



জাতি যখন স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের দ্বারপ্রান্তে ঠিক তখনই মহামারী আকারে আঘাত হানে কোভিড-১৯। বাংলাদেশে দ্রুত ছড়াতে থাকে করোনা ভাইরাসের সংক্রমণ। মাননীয় প্রধানমন্ত্রী 'মুজিববর্ষ'-এর নির্ধারিত আয়োজন সীমিত করে করোনা ভাইরাস মোকাবেলার নির্দেশ প্রদান করেন। করোনা মহামারীর এই ক্রান্তি লগ্নে দক্ষতার সাথে মহামারী মোকাবেলাই হয়ে ওঠে মুজিববর্ষের অন্যতম অনুষঙ্গ। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ ও মুজিববর্ষের অনুপ্রেরণায় অনুপ্রাণিত হয়ে খুলনা জেলা প্রশাসন করোনা মোকাবেলায় গ্রহণ করে একের পর এক উদ্যোগ যা সমগ্র বাংলাদেশে অনুকরণীয় নজির স্থাপন করেছে। বেসরকারী মানবিক সহায়তা সেলের মাধ্যমে বিভিন্ন শ্রেণি পেশার হাজার হাজার মানুষকে পৌঁছে দেওয়া হয়েছে ত্রাণ। মানুষকে ঘরে রাখতে মোবাইল অ্যাপসের মাধ্যমে মানুষের ঘরে ঘরে সেবা পৌঁছে দেওয়া হয়েছে। করোনা মোকাবেলায় সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে অসংখ্য মানুষকে। সংক্রমণ প্রতিরোধকল্পে জেলার সংশ্লিষ্ট সকল দপ্তরকে সাথে নিয়ে গ্রহণ করা হয়েছে সমন্বিত উদ্যোগ।

আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, করোনা মোকাবেলায় খুলনা জেলার এমন উদ্যোগ স্থান পেয়েছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীর এবারের সংখ্যায়। 'উন্নয়ন বার্তা'-এর ৭ম সংখ্যা প্রকাশ খুলনা জেলার ধারাবাহিক উন্নয়নের সাক্ষ্য বহন করে। এই সংখ্যা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

মোহাম্মদ হেলাল হোসেন পিএএ
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

# বাণী



করোনা মাহামারীর এই ক্রান্তি লগ্নে প্রকাশিত হতে যাচ্ছে 'উন্নয়ন বার্তা' এর ৭ম সংখ্যা। জুন, ২০২০ থেকে আগস্ট, ২০২০ পর্যন্ত খুলনা জেলার উন্নয়নের চিত্র স্থান পেয়েছে এই সংখ্যায়। এই সময়ে সমগ্র বাংলাদেশসহ খুলনা জেলায় করোনা ভাইরাসের সংক্রমণ শীর্ষে পৌঁছায়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে 'মুজিববর্ষ' উদযাপনের সমস্ত প্রস্তুতি থাকা সত্ত্বেও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে খুলনা জেলা প্রশাসন করোনা মোকাবেলায় সর্বাধিক গুরুত্বারোপ করে। জেলা প্রশাসনের সমন্বয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর ও জনসাধারণের সর্বাত্বক সহযোগিতায় আগস্টের শেষ থেকে করোনা ভাইরাসের সংক্রমণ কমতে থাকে। আর এই সংক্রমণ মোকাবেলায় জেলা প্রশাসন অসংখ্য উদ্যোগ গ্রহণ করেছে যা নিম্ন আয়ের মানুষের আহার যুগিয়েছে এবং সকল পর্যায়ের ও সকল শ্রেণি পেশার মানুষকে ঘরে বসে জরুরি সেবা পেতে সহযোগিতা করেছে।

জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের এমন অনন্যসাধারণ উদ্যোগ উঠে এসেছে এবারের 'উন্নয়ন বার্তা'য়। 'উন্নয়ন বার্তা'র এবারের সংখ্যা মহামারী মোকাবেলার এক অনন্য দলিল হয়ে থাকবে বলে আমি আশাবাদী। 'উন্নয়ন বার্তা' প্রকাশে সার্বিক সহযোগিতা প্রদান করায় আমি বরাবরের মত সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন পিএএ মহোদয়কে জানাচ্ছি অপরিসীম কৃতজ্ঞতা। এই সংখ্যা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আমার আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ।

জিয়াউর রহমান পিএএ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
ও আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

## দাকোপে ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ ও গৃহ-নির্মাণ সামগ্রী বিতরণ

০৩ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনার দাকোপ উপজেলায় ঘূর্ণিঝড় 'আম্ফান'-এ ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী ও গৃহ-নির্মাণ সামগ্রী বিতরণ করেন। সংসদ সদস্য গ্লোরিয়া ঝর্ণা সরকারের উপস্থিতিতে জেল প্রশাসক ঘূর্ণিঝড় দুর্গতদের মাঝে ঢেউ টিন ও খাদ্য সামগ্রী বিতরণ করেন। এছাড়াও তিনি দুর্গত এলাকা ঘুরে দেখেন এবং ক্ষয়-ক্ষতি নিরূপণের চেষ্টা করেন। স্থানীয় রাজনীতিবিদসহ এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ মোঃ আব্দুল ওয়াদুদ, পানি উন্নয়ন বোর্ড, খুলনা'র নির্বাহী প্রকৌশলী পলাশ ব্যানার্জী ও সহকারী কমিশনার (ভূমি), দাকোপ মোঃ তারিফ-উল হাসান।



আম্ফানে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ ও গৃহনির্মাণ সামগ্রী বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## করোনা ভাইরাস সংক্রমণ রোধে সুরক্ষা সামগ্রী প্রদান

০৮ জুন, ২০২০ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান। 'কার্যকর ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার (ইএএলজি)' শীর্ষক প্রকল্পের আওতায় গৃহিত জেলার প্রত্যন্ত অঞ্চলে (ইউনিয়ন পর্যায়ে) স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী (হ্যান্ড স্যানিটাইজার, পিপিই, বুট, গ্লাভস, মাস্ক ইত্যাদি) বিতরণ, গণসচেতনতামূলক কার্যক্রম এবং পরিষ্কার পরিচ্ছন্ন থাকার উপকরণ সামগ্রী বিতরণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা মোঃ ইকবাল হোসেন। ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, সচিবগণ, কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যকর্মীদের মাঝে এসব স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী পর্যায়ক্রমে বিতরণ করা হয়।




সুরক্ষা সামগ্রী প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

০৯ জুন, ২০২০ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় বিভাগীয়, জেলা ও উপজেলা অফিসসসূহে ই-ফাইল (নথি) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা। জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ এবং কর্মশালাটিতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা সারোয়ার আহমেদ সালেহীন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহকারী কমিশনার মোঃ তকী ফয়সাল তালুকদার, তাহমিদুল ইসলাম এবং প্রোগ্রামার মোঃ আবুজর রহমান।




ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির জরুরি সভা

০৯ জুন, ২০২০ তারিখে খুলনা জেলায় করোনা ভাইরাস সংক্রমণের হার দ্রুত বৃদ্ধির প্রেক্ষিতে জেলা পর্যায়ে করোনা ভাইরাস সংক্রমণ ও প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটির বিশেষ জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় করোনা ভাইরাসের দ্রুত সংক্রমণ হার প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা হয় এবং কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হয়। তন্মধ্যে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে আইনের কঠোর প্রয়োগ; নিত্যপ্রয়োজনীয় পণ্য ব্যতীত অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান, দোকান-পাট, বিপণি-বিতান ইত্যাদি বন্ধকরণ; কঠোরভাবে যান চলাচল নিয়ন্ত্রণ; জনসমাগম ও যথেচ্ছা মানুষের চলাচল নিয়ন্ত্রণে আইনের প্রয়োগ বিষয়ে সিদ্ধান্ত হয়। এসব বিষয়ে আইনের প্রয়োগ করতে মোবাইল কোর্টের সংখ্যা ও কার্যক্রম বৃদ্ধি করার ব্যাপারে সংশ্লিষ্টরা মতামত প্রদান করেন।

এছাড়াও কোভিড টেস্টের সংখ্যা বৃদ্ধিকরণ, আক্রান্ত রোগীদের যথাযথ চিকিৎসা, জটিলতা সম্পন্ন কোভিড রোগীর প্রোপার ট্রিটমেন্ট এবং করোনা মোকাবিলায় লজিস্টিক সাপোর্ট বৃদ্ধিকরণের ব্যাপারে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।




০৯ জুন, ২০২০ তারিখে জেলা করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির প্রথম দফার জরুরি সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



২২ জুন, ২০২০ তারিখে দ্বিতীয় দফায় জেলা পর্যায়ে করোনা ভাইরাসের সংক্রমণ ও প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটির বিশেষ জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় করোনা ভাইরাসের দ্রুত সংক্রমণ হার প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা হয় এবং কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হয়। তন্মধ্যে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে আইনের কঠোর প্রয়োগ, ২৫ জুন, ২০২০ তারিখ রাত্রি ১২ ঘটিকা থেকে পরবর্তী ২১ দিন খুলনা জেলার কতিপয় এলাকা সম্পূর্ণভাবে লকডাউনকরণ, করোনা টেস্টের জন্য স্যাম্পল দেওয়ার পর থেকেই স্যাম্পল দানকারীর হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ ইত্যাদি।

১১ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে চতুর্থ দফায় অনুষ্ঠিত হয় করোনা ভাইরাস প্রতিরোধ বিষয়ক জেলা কমিটি ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা সভা। সভায় সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে আলোচনাক্রমে কিছু গুরুতপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হয়। ১) আমদানি সাপেক্ষে খুলনায় দ্রুত আরো একটি করোনা টেস্টের পিসিআর মেশিন স্থাপন ও কোভিড হাসপাতালে হাইফ্লো ন্যাজাল ক্যানোলা সরবরাহকরণ। ২) বেশি মাত্রায় অসুস্থ কোভিড রোগীদের টেস্টের রিপোর্ট দ্রুততার সাথে প্রদান। ৩) স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ এবং বিধি অমান্যকরণে আইন প্রয়োগের বাস্তবায়ন। ৪) ঈদ-উল-আযহায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থল ত্যাগ নিষিদ্ধকরণ। ৫) দপ্তর প্রধানের প্রত্যয়ন সাপেক্ষে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের করোনা টেস্ট করানো। মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) মোঃ কামাল হোসেন তাঁর বক্তব্যে খুলনা জেলায় কোভিড-১৯ এর চিকিৎসায় যাতে কোন ধরণের বাণিজ্য না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে বলেন।



২২ জুন, ২০২০ তারিখে জেলা করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির দ্বিতীয় দফার জরুরি সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ




০৫ জুলাই, ২০২০ তারিখে তৃতীয় দফায় জেলা করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির জরুরি সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ




১১ জুলাই, ২০২০ তারিখে চতুর্থ দফায় জেলা করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির জরুরি সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'মাতৃদুগ্ধ বিকল্প আইন, ২০১৩' অবহিতকরণ কর্মশালা

২৪ আগস্ট, ২০২০ তারিখে 'মাতৃদুগ্ধ সপ্তাহ, ২০২০' এবং মুজিব শতবর্ষ উপলক্ষে পুষ্টি মাসে 'মাতৃদুগ্ধ বিকল্প আইন, ২০১৩' ও 'বিধিমালা, ২০১৭' অবহিতকরণ ও মনিটরিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। খুলনা সিভিল সার্জন কার্যালয়ে অনুষ্ঠিত এ কর্মশালায় আরো উপস্থিত ছিলেন সিভিল সার্জন, খুলনা ডাঃ সুজাত আহমেদসহ সংশ্লিষ্টরা।




'মাতৃদুগ্ধ বিকল্প আইন, ২০১৩' অবহিতকরণ কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## Seminar on Annual Performance Agreement APA

A Seminar on 'Annual Performance Agreement (APA)' had been held on 29 August, 2020 at Regional Public Administration Training Centre (RPATC), Khulna. The chief guest was Dr. Md. Anwar Hossain Hawlader, Divisional Commissioner, Khulna. Special Guest was Dr. Shahanaz Arefin ndc, Additional Secretary, Cabinet Division; Deputy Commissioner & District Magistrate, Khulna Mohammad Helal Hossain PAA was the honorable guest in that seminar. The seminar was chaired by Mr. Khondoker Azim Ahmed, MDS (Joint Secretary), BPATC.



Deputy Commissioner and District Magistrate, Khulna Mohammad Helal Hossain PAA is delivering speech in a Seminar on Annual Performance Agreement APA

## কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মচারীদের ওয়ারিশগণের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ

১০ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মচারীদের ওয়ারিশগণের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ করেন। জেলা প্রশাসক, খুলনার অফিস কক্ষে ২৩ জনের প্রত্যেককে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার চেক বিতরণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান।




আর্থিক অনুদানের চেক বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## খুলনার সাবেক জেলা প্রশাসকের মৃত্যুতে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

খুলনা জেলার প্রাক্তন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ইফতিখার আহমদ গত ১০ জুন, ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন। ১২ জুন, ২০২০ তারিখে তাঁর আত্মার মাগফিরাত কামনা করে পবিত্র জুমার দিনে খুলনা কালেক্টরেট মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন খুলনা জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান এবং জেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



খুলনার সাবেক জেলা প্রশাসকের মৃত্যুতে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিলে অংশ নেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বঙ্গবাসী মাধ্যমিক বিদ্যালয়ের রেসিডেনশ্যাল কমপ্লেক্সের নির্মাণ কাজের উদ্বোধন

১১ জুন, ২০২০ তারিখে খুলনা মহানগরীর বঙ্গবাসী মাধ্যমিক বিদ্যালয়ের গরিব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য রেসিডেনশ্যাল কমপ্লেক্স নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর সার্বিক পরিকল্পনায় বাস্তবায়নাধীন এই কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ এবং বিদ্যালয়টির শিক্ষকগণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



বঙ্গবাসী মাধ্যমিক বিদ্যালয়ের রেসিডেনশ্যাল কমপ্লেক্সের নির্মাণ কাজের উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন

১৪ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে খুলনা জেলার গ্রাহকদের মাঝে আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে Zoom App এর মাধ্যমে সংযুক্ত হন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান এমপি এবং Zoom App এর মাধ্যমে সংযুক্ত থেকে কার্যক্রমের শুভ উদ্বোধন করেন খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। Zoom App এ আরো সংযুক্ত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মু. আনোয়ার হোসেন হাওলাদার, কেএমপি'র পুলিশ কমিশনার খন্দকার লুৎফুল কবির, খুলনা রেঞ্জের ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন এবং র‍্যাব-৬ এর অধিনায়ক। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহ, কেএমপি'র উপ-পুলিশ কমিশনার এহসান শাহ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, খুলনা প্রেস ক্লাবের সভাপতি মোঃ নজরুল ইসলামসহ জেলা প্রশাসন, খুলনা'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে খুলনা জেলার আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ই-লাইসেন্সে রূপান্তরকরণের উদ্যোগ নেওয়া হয়। এক্ষেত্রে খুলনা জেলা সমগ্র বাংলাদেশে অগ্রগণ্য ভূমিকা পালন করেছে বলে স্বরাষ্ট্র মন্ত্রী মতামত ব্যক্ত করেন এবং এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। এরকম উদ্যোগ সমগ্র বাংলাদেশে অনুকরণীয় বলে তিনি তাঁর বক্তব্যে অভিমত প্রকাশ করেন।



আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স বিতরণের উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স বিতরণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জুম অ্যাপে সংযুক্ত হন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এমপি

## করোনা আক্রান্ত চিকিৎসককে এয়ার এ্যাম্বুলেন্সযোগে ঢাকায় স্থানান্তর

১৮ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর ত্বরিত পদক্ষেপে খুলনায় কোভিড আক্রান্ত চিকিৎসক ডা. আব্দুল কাদেরকে এয়ার এ্যাম্বুলেন্সযোগে ঢাকায় স্থানান্তর করা হয়।



কোভিড আক্রান্ত চিকিৎসক ডা. আব্দুল কাদেরকে এয়ার এ্যাম্বুলেন্সযোগে ঢাকায় স্থানান্তর করা হচ্ছে

## কালেক্টরেট মসজিদের আধুনিকায়ন ও দ্বিতীয় তলার নির্মাণ কাজের উদ্বোধন

২৬ জুন, ২০২০ তারিখে কালেক্টরেট মসজিদের আধুনিকায়ন ও দ্বিতীয় তলার নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। জুমার নামাজ আদায় শেষে সামাজিক দূরত্ব বজায় রেখে আধুনিকায়ন ও নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। জেলা প্রশাসন, খুলনা'র তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন এ আধুনিকায়ন ও নির্মাণ কাজের পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জিয়াউর রহমান পিএএ এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।



কালেক্টরেট মসজিদের আধুনিকায়ন ও দ্বিতীয় তলার নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা সরকারি সড়ক পরিবহন পুলে কর্মরত গাড়িচালক, হেলপার ও মেকানিকদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

২৭ জুন, ২০২০ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় সরকারি যানবাহন অধিদপ্তরাধীন 'জেলা সরকারি সড়ক পরিবহন পুল'-এ কর্মরত (উপজেলা ও বিভাগীয় কমিশনারের কার্যালয়সহ) গাড়িচালক, স্পিডবোটচালক, হেলপার ও মেকানিকদের পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন। জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত থেকে কর্মসূচির শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।



গাড়িচালক, হেলপার ও মেকানিকদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠান

## 'অনলাইন ডিজিটাল মেলা, ২০২০' অনুষ্ঠিত



'অনলাইন ডিজিটাল মেলা, ২০২০' উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক



'অনলাইন ডিজিটাল মেলা, ২০২০' এর শুভ উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



'অনলাইন ডিজিটাল মেলা, ২০২০' এর সমাপনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

২৮-৩০ জুন, ২০২০ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে চলমান 'ডিজিটাল মেলা, ২০২০' উপলক্ষে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয় ২৮ জুন, ২০২০ তারিখে। প্রেস ব্রিফিংয়ের পরে অনুষ্ঠিত হয় 'কোভিড-১৯ পরিস্থিতিতে প্রযুক্তিই হাতিয়ার' শীর্ষক এক সেমিনার। জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ সেমিনারে সভাপতিত্ব করেন। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা হোসেন আলী খোন্দকার জুম অ্যাপের মাধ্যমে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত হন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা মোঃ ইউসুপ আলীর সঞ্চালনায় সেমিনারে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা

জিয়াউর রহমান পিএএ, জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। সেমিনারে কী-নোট স্পিকার হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার মোঃ তকী ফয়সাল তালুকদার। ২৯ জুন, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় 'অনলাইন পাটফর্মে ডিজিটাল মেলা, ২০২০' এর শুভ উদ্বোধন। বর্তমান করোনাভাইরাস (কোভিড-১৯)-এর সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় ৬৪ জেলার ডিজিটাল কার্যক্রমকে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের লক্ষ্যে 'অনলাইন পাটফর্মে ডিজিটাল মেলা, ২০২০' আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজিত 'ডিজিটাল মেলা, ২০২০' এর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষ থেকে Zoom App এর মাধ্যমে সংযুক্ত হন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। প্রধান অতিথি হিসেবে Zoom App এর মাধ্যমে সংযুক্ত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। ৩০ জুন, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় ডিজিটাল মেলার সমাপনী অনুষ্ঠান।

## রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত বিশেষ সভা

৩১ আগস্ট, ২০২০ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত বিশেষ সভা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এই সভায় উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি, কেএমপির পুলিশ কমিশনার খন্দকার লুৎফুল কবির, ভারপ্রাপ্ত পুলিশ সুপার, খুলনা, নৌ-পুলিশের পুলিশ সুপার, শিল্প-পুলিশের পুলিশ সুপার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা ইউসুপ আলী মহোদয়, আনসারের জেলা অ্যাডজুট্যান্ট, র‍্যাব-৬ এর প্রতিনিধি, পরিচালক বিভাগীয় শ্রম দপ্তর, খুলনাসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী ও পাটকলসমূহের নিজস্ব নিরাপত্তা কর্মচারীদের সমন্বয়ে পাটকলসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে সিদ্ধান্ত গৃহিত হয়।




রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত বিশেষ সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের অবসায়নের সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে খুলনা জেলার পাটকল শ্রমিকদের ন্যায্য পাওনা পরিশোধসহ সার্বিক পরিস্থিতি সম্পর্কে প্রেস কনফারেন্স

২৯ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের অবসায়নের সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে খুলনা জেলার পাটকল শ্রমিকদের ন্যায্য পাওনা পরিশোধসহ সার্বিক পরিস্থিতি সম্পর্কে এক প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর সভাপতিত্বে এবং প্রধান অতিথি খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, কেএমপি-এর অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রকিবুল ইসলাম, পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ, খুলনা শিল্প পুলিশের পুলিশ সুপার, বিজেএমসি'র প্রতিনিধিগণের উপস্থিতিতে অনুষ্ঠিত এই প্রেস কনফারেন্সে গোল্ডেন হ্যান্ডশেক প্রক্রিয়া সম্পর্কিত নিম্নবর্ণিত তথ্যাবলি অবহিত করা হয়ঃ

১। ৩০ জুন, ২০২০ তারিখে 'শ্রম আইন, ২০০৬'-এর বিধান মোতাবেক পাটকলসমূহ অবসায়নের নোটিস প্রদান করা হবে যা ১ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে।

২। ২০১৪ সাল থেকে অবসরে যাওয়া শ্রমিকদের এবং ১ সেপ্টেম্বর, ২০২০ তারিখ থেকে পাটকলসমূহ অবসায়নের ফলে অবসরে যাওয়া শ্রমিকদের যাবতীয় ন্যায্য পাওনা (গ্র্যাচুইটি, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি) শতভাগ (১০০%) এককালীন প্রদান করা হবে।

৩। শ্রমিকদের ন্যায্য পাওনা ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে/চেকে প্রদান করা হবে। এক্ষেত্রে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হবে।

৪। অবসায়নের পর পাটকলসমূহ আধুনিকায়নপূর্বক প্রাইভেট পাবলিক পার্টনারশিপ (PPP)-এর ভিত্তিতে পরিচালিত হবে এবং PPP-এর ভিত্তিতে পরিচালিত পাটকলসমূহে অবসায়নকৃত দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন শ্রমিকদের কর্মসংস্থানকে অগ্রাধিকার দেওয়া হবে।

৫। সকল প্রকল্প প্রধান সরকারের উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে শ্রমিকদের অবহিত করবেন।

২০১৪ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত অবসরে যাওয়া উপস্থিত শ্রমিকগণ উপর্যুক্ত সিদ্ধান্তের ফলে সন্তোষ প্রকাশ করে বক্তব্য রাখেন। প্রেস কনফারেন্সে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, খুলনা প্রেস ক্লাবের সভাপতি এস. এম. নজরুল ইসলাম, খুলনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি মুন্সি মাহবুব আলম সোহাগ, খুলনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মামুন রেজাসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।




প্রেস কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক




রাষ্ট্রায়ত্ত পাটকলের শ্রমিকদের একবারে শতভাগ পাওনা পরিশোধ সংক্রান্ত প্রেস কনফারেন্স করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী রাষ্ট্রায়ত্ত পাটকলের শ্রমিকদের একবারে শতভাগ পাওনা পরিশোধ করায় ০৩ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ কর্তৃক এক প্রেস কনফারেন্স আয়োজন করা হয়। খুলনার দিঘলিয়া উপজেলাধীন সেনহাটিস্থ স্টার জুট মিল প্রাঙ্গণে আয়োজিত এই প্রেস কনফারেন্সে পাওনা এককালীন পরিশোধ সংক্রান্ত উপস্থিত পাটকল শ্রমিক এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন জেলা প্রশাসক। এছাড়া প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা জনাব এস এম শফিউল্লাহ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা জনাব মোঃ ইউসুপ আলী, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা জনাব মোঃ হাফিজ-আল-আসাদ, শ্রম দপ্তর, খুলনা'র পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান এবং পাটকল শ্রমিক নেতৃবৃন্দ।
মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত অনুযায়ী পাটকল অবসায়নের ফলে অবসরে যাওয়া শ্রমিকদের বকেয়া পাওনা এককালীন পরিশোধের সুষ্ঠু ব্যবস্থা হওয়ায় মহান আলাহর দরবারে শোকরিয়া আদায় করে মোনাজাত অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকসহ অন্যান্য অতিথিবৃন্দ এবং উপস্থিত পাটকল শ্রমিকগণ মোনাজাতে শরিক হন। অবসরে যাওয়া শ্রমিকদের বকেয়া পাওনা এককালীন পরিশোধের সরকারি ঘোষণায় আনন্দ প্রকাশ করে শ্রমিকরা পরস্পরকে মিষ্টি বিতরণ করেন। রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের অবসরে যাওয়া শ্রমিকদের বকেয়া পাওনা এককালীন পরিশোধের মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এসময় শ্রমিকরা আনন্দ মিছিল করেন। এসময় শ্রমিকরা মাননীয় প্রধানমন্ত্রীর অবদানে বঞ্চনার অবসান হয়েছে বলে সন্তোষ প্রকাশ করেন।

## নতুন অতিরিক্ত জেলা প্রশাসকের যোগদান

২৯ জুন, ২০২০ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'য় অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন মোঃ আহসান উল্লাহ শরিফী এবং ২৯ জুলাই, ২০২০ তারিখে নতুন অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন মোছাঃ শাহানাজ পারভীন। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ তাঁদেরকে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন। নব-নিযুক্ত অতিরিক্ত জেলা প্রশাসকদের শুভেচ্ছা জানাতে সেখানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী এবং জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



নবযোগদানকৃত অতিরিক্ত জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## স্থানীয় সরকার শাখায় নব যোগদানকৃত হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

০১ জুলাই, ২০২০ তারিখে খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় স্থানীয় সরকার শাখায় নব-যোগদানকৃত হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। স্থানীয় সরকার, খুলনা'র উপ-পরিচালক মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে এ প্রোগ্রামে আরো উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (স্থানীয় সরকার শাখা) জনাব নূরী তাসমিন উর্মি। এসময় নতুন যোগদানকারীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।




নব যোগদানকৃত হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরদের শুভেচ্ছা জানাচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'মুক্তিযুদ্ধে পাইকগাছা' সংকলনের মোড়ক উন্মোচন এবং চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরামে বই বিতরণ অনুষ্ঠান

০৪ জুলাই, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় উপজেলা প্রশাসন, পাইকগাছা কর্তৃক প্রকাশিত মহান মুক্তিযুদ্ধে পাইকগাছা উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধাদের সম্মুখ সমরের অভিজ্ঞতা, সাহসিকতা এবং দেশপ্রেমের স্মৃতিচারণমূলক সংকলন 'মুক্তিযুদ্ধে পাইকগাছা' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান। এর পর অনুষ্ঠিত হয় পাইকগাছা উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠিত 'চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরাম'-এ বঙ্গবন্ধু, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক, কিশোর উপন্যাস, সাধারণ জ্ঞান ও বিজ্ঞান বিষয়ক বই বিতরণ অনুষ্ঠান। পাইকগাছা উপজেলা প্রশাসনের আয়োজনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা জুলিয়া সুকায়না'র সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন গাজী মোহাম্মদ আলী, উপজেলা চেয়ারম্যান, পাইকগাছা, খুলনা; শেখ শাহাদাৎ হোসেন বাচ্চু, মুক্তিযুদ্ধকালীন কমান্ডার, পাইকগাছা, খুলনা; মুহাম্মদ আরাফাতুল আলম, সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা; সহকারী কমিশনার (গোপনীয়) জনাব মোঃ তকী ফয়সাল তালুকদারসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।




মুক্তিযুদ্ধে পাইকগাছা সংকলনের মোড়ক উন্মোচন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ




চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরামে বই বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

০৫ জুলাই, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা ও সহকারী কমিশনার (ভূমি)-গণের মধ্যে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান। জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে আয়োজিত এই কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান পিএএ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, সকল উপজেলা ও খুলনা সদরের সহকারী কমিশনার (ভূমি)-গণ এবং জেলা প্রশাসন, খুলনা'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর হাতে কর্মসম্পাদন চুক্তিপত্র তুলে দিচ্ছেন সহকারী কমিশনার (ভূমি), খুলনা সদর কহিনুর জাহান

২৬ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে আয়োজিত হয় ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠান। জেলা প্রশাসক, খুলনা'র সাথে সকল উপজেলা নির্বাহী অফিসার এই চুক্তি সম্পাদন করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা মোঃ আহসান উল্লাহ শরিফী, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।



জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর হাতে কর্মসম্পাদন চুক্তিপত্র তুলে দিচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা নাসরিন আক্তার

## Online Medicine Mart Khulna নামক মোবাইল অ্যাপের শুভ উদ্বোধন

০৫ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসন, খুলনা'র করোনাকালীন বিশেষ উদ্ভাবনী উদ্যোগ 'Home Delivery of Medicine and Medical Products in Corona Crisis through Mobile Apps'-এর আওতায় 'Online Medicine Mart, Khulna' নামক মোবাইল অ্যাপের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয় আজ। জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। Zoom App এর মাধ্যমে সংযুক্ত থেকে শুভ উদ্বোধন করেন খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র এই উদ্ভাবনী উদ্যোগ করোনাকালে লকডাউনকৃত এলাকা বিশেষ করে রেড জোন ঘোষিত এলাকায় ঘরে আবদ্ধ রোগীদের ঔষধ সরবরাহে বিশেষ ভূমিকা রেখেছে। জেলা প্রশাসন, খুলনা'র তত্ত্বাবধানে রোগীদের চাহিদার ভিত্তিতে বাজারমূল্য ও সার্ভিস চার্জের বিনিময়ে ঘরে ঘরে ঔষধ পৌঁছে দেয় একদল স্বেচ্ছাসেবক।



Online Medicine Mart Khulna নামক মোবাইল অ্যাপের শুভ উদ্বোধন করছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক

এ উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কেএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রকিবুল ইসলাম, খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহ, খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক, সিভিল সার্জন, খুলনা ডাঃ সুজাত আহমেদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, খুলনা প্রেস ক্লাবের সভাপতি এসএম নজরুল ইসলামসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

# মোবাইল কোর্টসমূহ

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র নির্দেশে ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীর তত্ত্বাবধানে করোনাকালে খুলনা মহানগরীর বিভিন্ন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। করোনাকালীন স্বাস্থ্যবিধি ও করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি আদেশ অমান্যকরণ এবং রেড-জোনের বিধি-নিষেধ অমান্য করার অপরাধে মোবাইল কোর্ট বিভিন্ন অংকের জরিমানা করে। খুলনা জেলায় করোনা ভাইরাস সংক্রমণের হার বেড়ে যাওয়ার প্রেক্ষিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক জারিকৃত গণবিজ্ঞপ্তির আদেশসমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কি না তা তদারকি করতে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়।



৬ জুন, ২০২০ তারিখে নগরীর বিভিন্ন স্থানে করোনাকালীন স্বাস্থ্যবিধি প্রতিপালিত হচ্ছে কিনা তা সরেজমিন পর্যবেক্ষণ করতে যান জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



২৭ জুন, ২০২০ তারিখে নগরীর বিভিন্ন স্থানে করোনাকালীন স্বাস্থ্যবিধি প্রতিপালিত হচ্ছে কিনা তা সরেজমিন পর্যবেক্ষণ করতে যান অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী



৭ জুলাই, ২০২০ তারিখে রেড জোনের প্রবেশ মুখে নিয়মিত নজরদারির অংশ হিসেবে যানবাহন গমনাগমন বন্ধ করা হয়



১০ আগস্ট, ২০২০ তারিখে গণ-পরিবহনে অতিরিক্ত ভাড়া আদায়ের অপরাধে সংশ্লিষ্টদের অর্থদণ্ড আরোপ করে মোবাইল কোর্ট




করোনাকালীন স্বাস্থ্য-বিধি অমান্য করার দায়ে আইন অমান্যকারীদের মোবাইল কোর্টের জরিমানা



১৬ জুলাই, ২০২০ তারিখে বিভিন্ন বেসরকারি ক্লিনিকে অনিয়মের দায়ে মোবাইল কোর্টের জরিমানা




২৪ জুলাই, ২০২০ তারিখে অসামাজিক কর্মকাণ্ড চালানোর দায়ে একটি আবাসিক হোটেলে মোবাইল কোর্টের অভিযান ও দোষীদের কারাদণ্ড প্রদান



২৫ আগস্ট, ২০২০ তারিখে খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে দালালদের মোবাইল কোর্টের জরিমানা

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা

২১ জুন ও ১৯ জুলাই, ২০২০ তারিখে খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মিটিং, জেলা সার-বীজ কমিটির মিটিং এবং জেলা এনজিও মিটিং। এসব সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এতে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, উপজেলা নির্বাহী অফিসারগণ, সহকারী কমিশনার (ভূমি)-গণ এবং জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। Zoom App এর মাধ্যমে সভায় সংযুক্ত ছিলেন জেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দ। ১৯ জুলাই, ২০২০ তারিখে সভার শুরুতেই পাইকগাছা উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও প্রয়াত উপজেলা চেয়ারম্যান জনাব গাজী মোহাম্মদ আলীর স্মরণে সভাপতি শোক প্রকাশ করেন ও বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়। সভায় জেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনা হয়।




জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মাসিক রাজস্ব সভা

২৮ জুন ও ২৬ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় মাসিক রাজস্ব সভা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ। এছাড়া জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত ছিলেন বিভিন্ন উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সহকারী কমিশনার (ভূমি)-গণ। এছাড়াও উপস্থিত ছিলেন রাজস্ব শাখা, রেকর্ড রুম শাখা, আরএম শাখা, এপি/ভিপি শাখা, জেনারেল সার্টিফিকেট শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ এবং হেড অ্যাসিস্ট্যান্টগণ। সভায় করোনার কারণে রাজস্ব আদায়ে শ্লথ গতি কাটিয়ে উঠার তাগিদ প্রদান করা হয়। ২৬ জুলাই, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় মাসিক স্টাফ রিভিউ সভা। সভায় কার্যালয়ের প্রতিটি শাখার সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা হয়। পেন্ডিং নথি দ্রুত নিষ্পত্তিকরণ, ই-নথির কার্যক্রম জোরদারকরণ বিষয়ে জেলা প্রশাসক নির্দেশনা প্রদান করেন।




মাসিক রাজস্ব সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা আইন শৃঙ্খলা কমিটির সভা

১৪ জুন ও ০৯ আগস্ট, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভায় উপস্থিত ছিলেন খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহ, কেএমপি'র উপ-পুলিশ কমিশনার এহসান শাহ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দ। এছাড়া Zoom App এর মাধ্যমে সংযুক্ত হন উপজেলা নির্বাহী অফিসারগণ। করোনা পরিস্থিতিতে খুলনা জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সভায় বিশদ আলোচনা হয়।




জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## সার-বীজ মনিটরিং কমিটির সভা, শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা, মাসিক এনজিও সমন্বয় সভা

১৯ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয় জেলা সার-বীজ মনিটরিং কমিটির সভা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ-সহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দ। শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম জোরদারকরণে জেলা প্রশাসনের আয়োজনে 'শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা'য় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দ। জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে অনুষ্ঠিত হয় 'খুলনা জেলার মাসিক এনজিও সমন্বয় সভা'। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসানের সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন বিভিন্ন এনজিও-র প্রতিনিধিবৃন্দ।




শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## Online Qurbani Hat Khulna শীর্ষক অ্যাপের শুভ উদ্বোধন

০৮ জুলাই, ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের স্বপ্নযাত্রা সফল করতে উদ্ভূত করোনা পরিস্থিতিতে জেলা প্রশাসন, খুলনা'র 'Online Cattle Market for Upcoming Eid-Ul-Adha to Facilitate Social Distancing & Health Safety in Corona Crisis through Mobile Apps' শীর্ষক উদ্যোগের আওতায় জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় 'Online Qurbani Hat Khulna' নামক মোবাইল অ্যাপের শুভ উদ্বোধন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এই উদ্বোধনী অনুষ্ঠানে Zoom App এর মাধ্যমে সংযুক্ত হন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম এবং মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) মোঃ কামাল হোসেন। ডিসি অফিস প্রান্তে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। Zoom App এর মাধ্যমে আরো সংযুক্ত হন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রথমেই 'Online Qurbani Hat Khulna' এর উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপিত হয়। খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তাঁর বক্তব্যে বলেন যে, এই উদ্যোগের মাধ্যমে খুলনায় অনলাইনে কোরবানির হাট-বাজার ব্যবস্থাপনা সচল থাকবে। প্রতিমন্ত্রী জেলা প্রশাসনের এই উদ্যোগকে 'খুলনা মডেল' নামে আখ্যায়িত করে প্রতিটি বিভাগ ও জেলায় এই উদ্যোগ অনুকরণ করার আহ্বান জানান। তিনি আরো বলেন এতে তরুণ উদ্যোক্তারা অনুপ্রাণিত হবে এবং অনেকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। জেলা প্রশাসক, খুলনা তাঁর বক্তব্যে বলেন, এই অ্যাপের ফলে খুলনা জেলায় ৩৬০ ডিগ্রি মনিটরিং এর মাধ্যমে করোনাকালে স্বাস্থ্যবিধি মেনে কোরবানি হাটের বেচাকেনা করা সম্ভব হবে। এই উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কেএমপি'র অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রকিবুল ইসলাম, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এস এম আওয়াল হক, জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, খুলনা প্রেস ক্লাবের সভাপতি এস এম নজরুল ইসলাম, খুলনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি মুন্সি মাহবুব আলম সোহাগসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



Online Qurbani Hat Khulna শীর্ষক অ্যাপের শুভ উদ্বোধন অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক



Online Qurbani Hat Khulna শীর্ষক অ্যাপের শুভ উদ্বোধন অনুষ্ঠানে জুম অ্যাপে সংযুক্ত হন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি

## উপজেলা নির্বাহী অফিসারগণের বিদায় সংবর্ধনা

১২ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় খুলনা জেলার পাঁচটি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'র দুইজন সিনিয়র সহকারী কমিশনারের বদলিজনিত বিদায় সংবর্ধনা। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন, খুলনা শাখার সভাপতি এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভাপতি বিদায়ী কর্মকর্তাগণকে ফুল ও ক্রেস্ট দিয়ে শুভেচ্ছা জানান। বিদায় গ্রহণকারী কর্মকর্তাগণ হলেনঃ ১। খুলনা কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনার গোলাম মোঃ বাতেন, ২। খুলনা কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনার মোঃ আসাদুজ্জামান রিপন, ৩। পাইকগাছা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জুলিয়া সুকায়না, ৪। দিঘলিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মোঃ হাফিজ-আল-আসাদ, ৫। তেরখাদা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বিষ্ণুপদ পাল, ৬। কয়রা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার শিমুল কুমার সাহা, ৭। ফুলতলা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার পারভীন সুলতানা।

অপরদিকে খুলনার পাঁচ উপজেলায় নব-যোগদানকৃত পাঁচ উপজেলা নির্বাহী অফিসারকে বরণ করে নেওয়া হয়। নব-যোগদানকৃত কর্মকর্তাগণ হলেনঃ ১। তেরখাদা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে শিমুল কুমার সাহা, ২। পাইকগাছা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এ. বি. এম. খালিদ হোসেন সিদ্দিকী, ৩। দিঘলিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে মোঃ মাহবুবুল আলম, ৪। কয়রা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে অনিমেষ বিশ্বাস, ৫। ফুলতলা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সাদিয়া আফরিন। বিদায় সংবর্ধনা ও বরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ও অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ.), খুলনা মোঃ ইকবাল হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা মোঃ আহসান উল্লাহ শরিফী, উপজেলা নির্বাহী অফিসারগণ, সহকারী কমিশনার (ভূমি)-গণ এবং জেলা প্রশাসন, খুলনা'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



উপজেলা নির্বাহী অফিসারগণের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## শুদ্ধাচার পুরস্কার ও আইসিটি এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান

১২ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় জেলা পর্যায়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরে জেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার পুরস্কার, ২০১৯-২০২০ প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তগণ হলেনঃ ১। জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা; ২। আবদুল ওয়াদুদ, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা; ৩। মোঃ তকী ফয়সাল তালুকদার, সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা; ৪। সেখ মোঃ হুমায়ুন কবীর, পিএ টু জেলা প্রশাসক, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা; ৫। খান আনিসুজ্জামান, জেলা নাজির, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা। অপর একটি অনুষ্ঠানে রূপকল্প-২০২১ বাস্তবায়নে তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অর্পিত দায়িত্ব পালনকারীদের জন্য আইসিটি অ্যাওয়ার্ড, ২০১৯-২০২০ প্রদান করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। আইসিটি পুরস্কার প্রাপ্তগণ হলেনঃ ১। মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা; ২। জুলিয়া সুকায়না, উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা; ৩। মোঃ হাফিজ-আল-আসাদ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা; ৪। শারমিন জাহান লুনা, সহকারী কমিশনার (সাধারণ শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।



জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর হাত থেকে আইসিটি অ্যাওয়ার্ড গ্রহণ করছেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী



জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর হাত থেকে শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করছেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ

সভাপতি পুরস্কারপ্রাপ্তদের হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন। পুরস্কার প্রদান অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ও অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.), খুলনা মোঃ ইকবাল হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা মোঃ আহসান উল্লাহ শরিফী, উপজেলা নির্বাহী অফিসারগণ, সহকারী কমিশনার (ভূমি)-গণ এবং জেলা প্রশাসন, খুলনা'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## Training on COVID-19 Contact Tracing and Related Issues


১৪ জুলাই, ২০২০ তারিখে IEDCR ও World Health Organisation (WHO) এর সহযোগিতায় এবং খুলনা সিভিল সার্জন অফিসের আয়োজনে অনুষ্ঠিত হয় 'Training on COVID-19 Contact Tracing and Related Issues'. সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে এতে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।




Training on COVID-19 Contact Tracing and Related Issues-এ বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মন্ত্রিসভায় 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০২০' এর নীতিগত অনুমোদন

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল পিএএ 'জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯'-এ মাননীয় প্রধানমন্ত্রীর সাথে উন্মুক্ত আলোচনা পর্বে মাননীয় প্রধানমন্ত্রীর স্মৃতিধন্য খুলনায় একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করেন। মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক, খুলনা'র প্রস্তাবটি গুরুত্বের সাথে বিবেচনায় নেন। বাংলাদেশের ইতিহাসে যেকোন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পিছনে জড়িয়ে আছে ঐ এলাকার সাধারণ মানুষের দীর্ঘ দিনের আন্দোলন সংগ্রাম। কিন্তু খুলনাবাসীর সৌভাগ্য যে, কোন প্রকার আন্দোলন ছাড়াই খুলনার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র ঐকান্তিক ইচ্ছা ও প্রচেষ্টায় খুলনায় স্থাপিত হতে যাচ্ছে 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়'। খুলনা জেলার মাসিক উন্নয়ন সমন্বয় সভায় খুলনায় একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়টি আলোচনা করে সর্বসম্মত সিদ্ধান্তে রেজুলেশনে অন্তর্ভুক্ত করা হয়। এরপরই সর্বাধিক গুরুত্ব দিয়ে খুলনায় মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের পক্ষে বিভিন্ন যুক্তি উপস্থাপন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে চিঠি লেখেন জেলা প্রশাসক। নিজ হাতে পত্রগুলি প্রধানমন্ত্রীর কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিকট পৌঁছে দেন এবং তাঁদের সাথে এ বিষয়ে নিয়মিত যোগাযোগ রাখেন। সর্বশেষে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য খুলনা সিটির পাশে ১০০ একর জমির সংস্থান আছে মর্মে জেলা প্রশাসক প্রধানমন্ত্রীর কার্যালয়ে চিঠি লেখেন। অবশেষে প্রধানমন্ত্রী জেলা প্রশাসকের প্রস্তাবিত 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়' স্থাপনে সদয় সম্মতি জ্ঞাপন করেন। এরই ধারাবাহিকতায় গত ১৩ জুলাই, ২০২০ তারিখে মন্ত্রিসভার বৈঠকে 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০২০' এর নীতিগত অনুমোদন পায়।



জেলা প্রশাসক, খুলনা'র প্রস্তাবের প্রেক্ষিতে 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়' স্থাপন সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের চিঠি

## ঈদ উল আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

১৯ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এস এম আউয়াল হক, কেএমপি'র প্রতিনিধিসহ সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিগণ এবং জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। সভায় অনলাইন কোরবানির হাট নিয়ে বিশদ আলোচনা হয়।




ঈদ উল আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ইএএলজি প্রকল্পের ষান্মাসিক পর্যালোচনা সভা

২৯ জুলাই, ২০২০ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় কার্যকর ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের ষান্মাসিক পর্যালোচনা সভা। স্থানীয় সরকার শাখা, স্থানীয় সরকার বিভাগ, খুলনা'র আয়োজনে এই সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভাপতিত্ব করেন উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খুলনা মোঃ ইকবাল হোসেন। সভায় নেজারত ডেপুটি কালেক্টর, খুলনা এস এম রাসেল ইসলাম নূর, স্থানীয় সরকার শাখার সহকারী কমিশনার নূরী তাসমিন উর্মিসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ ও প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।




ইএএলজি প্রকল্পের ষান্মাসিক পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## সাংবাদিকদের 'প্রধানমন্ত্রীর বিশেষ আর্থিক সহায়তা অনুদান'-এর চেক বিতরণ

৩০ জুলাই, ২০২০ তারিখে খুলনা সাংবাদিক ইউনিয়নের আয়োজনে অনুষ্ঠিত হয় ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট থেকে করোনাভাইরাসে ক্ষতিগ্রস্ত সাংবাদিকদের করোনাকালীন সংকটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি'র বিশেষ আর্থিক সহায়তা অনুদানের চেক বিতরণ অনুষ্ঠান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ, খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম ডি এ বাবুল রানা, খুলনা প্রেস ক্লাবের সভাপতি এস এম নজরুল ইসলাম। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন খুলনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোঃ মুন্সি মাহবুব আলম সোহাগ।




চেক বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোকদিবস পালনের প্রস্তুতিমূলক সভা

৩০ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস, ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে Zoom App এর মাধ্যমে সংযুক্ত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) মোঃ কামাল হোসেন, পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ এবং জেলা পর্যায়ের সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা মোঃ আহসান উল্লাহ শরিফী, অতিরিক্ত জেলা প্রশাসক, খুলনা মোছাঃ শাহানাজ পারভীন, সাবেক মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার, মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদকসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। করোনা পরিস্থিতিতে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের বিষয়ে বিশদ আলোচনা হয়।




জাতীয় শোকদিবস পালনের প্রস্তুতিমূলক সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি ২০২০ এর শুভ উদ্বোধন


২৬ আগস্ট, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে 'বৃক্ষরোপন কর্মসূচি, ২০২০' এর অংশ হিসেবে আজ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনা সার্কিট হাউজ প্রাঙ্গণে গাছের চারা রোপন করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর খুলনা পওর বিভাগ-২ এর আয়োজনে বৃক্ষরোপনের সময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী পলাশ ব্যানার্জিসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি ২০২০ এর শুভ উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য জুলাই, ২০২০ হতে কুয়েট সংলগ্ন বাড়িসমূহে ৩০ শতাংশ ভাড়া মওকুফ

০৬ আগস্ট, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র নির্দেশনা মোতাবেক বাড়ির মালিকগণ, ছাত্রদের প্রতিনিধি ও কুয়েট এর ছাত্রকল্যাণ উপদেষ্টার সমন্বয়ে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা'র অফিস কক্ষে ২য় দফার সভায় সকলের সম্মতিক্রমে কুয়েটের ছাত্র-ছাত্রীদের জন্য জুলাই, ২০২০ থেকে কুয়েট সংলগ্ন বাড়িসমূহে ৩০ শতাংশ ভাড়া মওকুফের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জুলাই, ২০২০ হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত এই সুবিধা বহাল থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। মার্চ, এপ্রিল ও জুন, ২০২০ মাসের ভাড়া ছাত্ররা বাড়ির মালিকগণের সাথে আলাপক্রমে সুবিধাজনকভাবে পরিশোধ করবেন। ভাড়া পরিশোধ করতে সক্ষম নয়, শুধুমাত্র এই কারণে কোনো ছাত্রকে বাড়ি ছাড়তে বাধ্য করা যাবেনা। অত্যন্ত আন্তরিক পরিবেশে এসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই পদক্ষেপের জন্য খুলনার জেলা প্রশাসককে সকলের পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।



www.khulna.gov.bd

"বিশেষ বিজ্ঞপ্তি"

email-dckhulna@mopa.gov.bd

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কুয়েট এর ছাত্র ছাত্রীদের জন্য জুলাই ২০২০ হতে কুয়েট সংলগ্ন বাড়িসমূহে ৩০ শতাংশ ভাড়া মওকুফ সংক্রান্ত জেলা প্রশাসন, খুলনা'র প্রেস বিজ্ঞপ্ত

## ঈদ-উল-আযহা উপলক্ষে এতিম শিশুদের মাঝে জেলা প্রশাসন, খুলনা'র উদ্যোগে গরু ও ছাগল বিতরণ

৩১ জুলাই, ২০২০ তারিখে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে জেলা প্রশাসন, খুলনা'র 'বেসরকারি মানবিক সহায়তা সেল' এর উদ্যোগে বিভিন্ন এতিমখানার অসহায়, দুঃস্থ ও এতিম শিশুদের মাঝে গরু, ছাগল ও ম্যাংগো জুস বিতরণ করা হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহ। অনুষ্ঠানে সরকারি শিশু পরিবার (বালক), সরকারি শিশু পরিবার (বালিকা), শেখ রাসেল শিশু পুনর্বাসন কেন্দ্র (বালক), শেখ রাসেল শিশু পুনর্বাসন কেন্দ্র (বালিকা), ছোট সোনামণি নিবাস ও পিএইচটি সেন্টারের এতিম শিশুদের হাতে ৪টি গরু ও ১ টি ছাগল তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক, খুলনা মোছাঃ শাহনাজ পারভীন, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক, সাংবাদিক ইউনিয়নের সভাপতিসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।



ঈদ-উল-আযহায় এতিম শিশুদের গরু ও ছাগল বিতরণ করছেন বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ঈদ উল আযহা উপলক্ষে 'বেসরকারি মানবিক সহায়তা সেল' এ নিয়োজিত স্বেচ্ছাসেবীদের জেলা প্রশাসকের শুভেচ্ছা উপহার

৩১ জুলাই, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ ঈদ-উল-আযহা উপলক্ষে 'বেসরকারি মানবিক সহায়তা সেল'-এ নিয়োজিত স্বেচ্ছাসেবীদের শুভেচ্ছা উপহার প্রদান করেন। হিউম্যান রাইটস, সিআরসি এবং ডু ফর বাংলাদেশ নামক স্বেচ্ছাসেবী সংগঠনের স্বেচ্ছাসেবীসহ স্ব-উদ্যোগে নিয়োজিত মোট ২৯ জন স্বেচ্ছাসেবীকে এই উপহার তুলে দেওয়া হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা জিয়াউর রহমান পিএএ, অতিরিক্ত জেলা প্রশাসক, খুলনা মোছাঃ শাহনাজ পারভীনসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, করোনাকালে জেলা প্রশাসন, খুলনার উদ্যোগে ঘরে অবস্থানকারী মানুষকে 'বেসরকারি মানবিক সহায়তা সেল' এর আওতায় খাবার ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি পৌঁছে দিতে এই স্বেচ্ছাসেবীরা অগ্রগণ্য ভূমিকা পালন করেন।



ঈদ-উল-আযহা উপলক্ষে স্বেচ্ছাসেবীদের শুভেচ্ছা উপহার প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ঈদ উপলক্ষে জেলা প্রশাসকের সরকারি শিশু পরিবার পরিদর্শন

০১ আগস্ট, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ সরকারি শিশু পরিবার (বালিকা)-এ যান এবং এতিম শিশুদের খোঁজ খবর নেন। এসময় তিনি অসহায়, দুঃস্থ ও এতিম শিশুদের মাঝে উন্নতমানের খাবার ও উপহার সামগ্রী বিতরণ করেন। জেলা প্রশাসকের হাত থেকে উপহার ও খাবার পেয়ে শিশুরা আনন্দে উচ্ছ্বসিত হয়ে ওঠে এবং তাদের ঈদের খুশি অনেক বেড়ে যায়। জেলা প্রশাসক এসময় এতিমখানার আবাসন ও খাদ্য ব্যবস্থাপনা সম্পর্কে খোঁজ-খবর নেন। সেখানে আরো উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক।



সরকারি শিশু পরিবারে এতিম শিশুদের সাথে কেক কেটে ঈদের আনন্দ ভাগাভাগি করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ঈদ-উল-আযহা উপলক্ষে এতিম শিশুদের মাঝে পোশাক বিতরণ

৩০ জুলাই, ২০২০ তারিখে শেখ রাসেল শিশু পরিবার ও পুনর্বাসন কেন্দ্রের এতিম ও অসহায় শিশুদের মাঝে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে পোশাক বিতরণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। জেলা সমাজসেবা অধিদপ্তর, খুলনার উপ-পরিচালক খান মোতাহার হোসেনের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন শিশু পরিবার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং এতিম শিশুরা।



এতিম শিশুদের মাঝে পোশাক বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী উদযাপিত

০৮ আগস্ট, ২০২০ তারিখে 'বঙ্গমাতা ত্যাগ ও সুন্দরের সাহসী প্রতীক' এই প্রতিপাদ্যকে সামনে রেখে উদযাপিত হয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠিত হয় দুঃস্থ মহিলাদের মাঝে আর্থিক অনুদান, সেলাই মেশিন প্রদান ও আলোচনা সভা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গমাতার সুযোগ্য কন্যা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি। প্রতি জেলার ন্যায় খুলনা জেলা প্রশাসন স্থানীয়ভাবে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজন করে দুঃস্থ মহিলাদের মাঝে আর্থিক অনুদান, সেলাই মেশিন প্রদান ও আলোচনা সভা। এসময় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ অনুষ্ঠানে উপস্থিত থেকে টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারিত কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠান দেখেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ মনোযোগের সাথে শোনেন। কেন্দ্রীয় অনুষ্ঠান সমাপ্ত হলে জেলা প্রশাসক সুবিধাভোগীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন এবং তাদের হাতে সেলাই মেশিন তুলে দেন।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী উপলক্ষে এক দুঃস্থ মহিলাকে সেলাই মেশিন প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



এসময় সুবিধাভোগীরা বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর অনুদানের টাকা প্রাপ্তির মোবাইল ফোন মেসেজ জেলা প্রশাসককে দেখান এবং সন্তুষ্টি প্রকাশ করেন। অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান, খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমডিএ বাবুল রানা, সাবেক মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার আধ্যাপক আলমগীর কবীর, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের উপ-পরিচালক জনাব নার্গিস ফাতেমা জামিন এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলার কোর অফিসারদের নিয়ে জেলা প্রশাসন, খুলনা'র সাথে Zoom Cloud এ সংযুক্ত ছিলেন।

## বিধবা, স্বামী-বিচ্ছিন্ন ও করোনায় কর্মহীন নারীদের সেলাই প্রশিক্ষণের শুভ উদ্বোধন

১২ আগস্ট, ২০২০ তারিখে 'Skill Development Project' এর আওতায় অনুষ্ঠিত হয় বিধবা, স্বামী-বিচ্ছিন্ন ও করোনাকালীন কর্মহীন নারীদের স্বাবলম্বী করার লক্ষ্যে 'সেলাই প্রশিক্ষণের শুভ উদ্বোধন'। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে Zoom App এর মাধ্যমে সংযুক্ত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। অনুষ্ঠানে Zoom App এর মাধ্যমে আরো সংযুক্ত ছিলেন খুলনা জেলা পরিষদের চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ, অতিরিক্ত জেলা প্রশাসক (এল এ), খুলনা মোছাঃ শাহনাজ পারভীন, খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমডিএ বাবুল রানা, সাবেক মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার অধ্যাপক আলমগীর কবীর, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মামুন রেজাসহ প্রশিক্ষণার্থীবৃন্দ।



কর্মহীন নারীদের সেলাই প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## খুলনা জেলা প্রশাসকের তৃতীয় বছরে পদার্পণ

১৩ আগস্ট, ২০২০ তারিখে সফলতার সাথে দুই বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণ করলেন খুলনা জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। ১৩ আগস্ট, ২০১৮ তারিখে এই কার্যালয়ের দায়িত্বভার গ্রহণ করে ক্রমান্বয়ে তিনি হয়ে উঠেছেন খুলনা জেলার প্রশাসনিক অভিভাবক। খুলনা জেলায় এই সময়ে অসংখ্য জনবান্ধব উদ্যোগ গ্রহণ করে তিনি পরিণত হয়েছেন প্রশাসনের আস্থার প্রতীকে। কর্মবহুল এই দুই বছরে জেলা প্রশাসক মহোদয় কর্তৃক গৃহীত উদ্যোগ/উদ্ভাবনী উদ্যোগগুলি হলোঃ ১) যার জমি আছে ঘর নাই, তার জমিতে ১ লক্ষ টাকার মধ্যে টিনের ঘরের পরিবর্তে ইটের ঘর নির্মাণ; ২) 'Skill Development Program' এর আওতায় অসহায়, দরিদ্র্য, বিধবা ও স্বামী বিচ্ছিন্নদের সেলাই মেশিন প্রদান ও প্রশিক্ষণ প্রদান; ৩) 'Capacitz Building Project' এর আওতায় ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবকদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা; ৪) পর পর দুই মেয়াদে শেখ রাসেল আন্তঃবিভাগীয় টেনিস টুর্নামেন্ট আয়োজন; ৫) ১৮ দেশের অংশগ্রহণে 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট' আয়োজন; ৬) শিশুদের বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তোলার লক্ষ্যে 'চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরাম' উদ্যোগের আওতায় খুলনা জেলার স্কুলসমূহে বঙ্গবন্ধু কর্নার স্থাপন; ৭) স্যালুব্রিয়াস সেন্টার কাম রিফ্রেশমেন্ট কর্নার স্থাপন; ৮) ১৯২০০ শিশু বঙ্গবন্ধুর কণ্ঠে ৭ই মার্চের ভাষণ আয়োজন; ৯) করোনাকালীন 'বেসরকারি মানবিক সহায়তা সেল' এর আওতায় নিম্ন-মধ্যবিত্ত ও মধ্যবিত্ত যারা প্রকাশ্যে সাহায্য চাইতে সংকোচ বোধ করেন তাদের ঘরে ঘরে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে খাবার ও নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদি পৌঁছে দেওয়া; ১০) পেপারলেস অফিস গঠন এবং দ্রুততা ও স্বচ্ছতার সাথে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ব্যাপকভিত্তিক ই-ফাইল কার্যক্রম পরিচালনার দরুণ বিগত এক বছরাধিককাল ক্রমাগতভাবে ই-ফাইলে প্রথম স্থান অধিকার; ১১) করোনা মোকাবিলায় কৃষি, শিক্ষা ও স্বাস্থ্য খাতে অ্যাপ ভিত্তিক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া; ১২) আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স প্রদান; ১৩) খুলনা জেলার গাড়ি চালকদের ডিজিটাল হেলথ কার্ড প্রদান; ১৪) জেলা প্রশাসন, খুলনার প্রচেষ্টায় 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়' এর অনুমোদন লাভ; ১৫) খুলনা শিশু হাসপাতালের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ১৫ কোটি টাকার সিড মানি লাভ; ১৬) অনলাইন কোরবানির হাট চালুকরণ যা 'খুলনা মডেল' হিসেবে সমগ্র বাংলাদেশে অনুকরণ করা হয়; ১৭) করোনা পরিস্থিতি মোকাবেলায় জেলা প্রশাসনের নেতৃত্বে সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তরকে সমন্বয় করে বিভিন্ন ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন এরকম অসংখ্য উদ্ভাবন ও উন্নয়ন কাজের পথিকৃৎ সম্মানিত জেলা প্রশাসক মহোদয়। তাঁর কাজের স্বীকৃতি স্বরূপ তিনি ভূষিত হয়েছেনঃ ১) দুইটি জনপ্রশাসন পদকে যা তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে গ্রহণ করেন; ২) শ্রেষ্ঠ জেলা খুলনার জেলা প্রশাসক হিসেবে আইসিটি অ্যাওয়ার্ড, যা তিনি গ্রহণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থকে। তাঁর এমন জনবান্ধব কাজ তাঁকে যেমন এনে দিয়েছে প্রাতিষ্ঠানিক সম্মান তেমনি তিনি অর্জন করেছেন খুলনার সর্বস্তরের মানুষের শ্রদ্ধা, সম্মান ও ভালোবাসা।



খুলনা'র জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর তৃতীয় বছরে পদার্পণ উপলক্ষে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করছেন জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




## জাতীয় শোক দিবসে খুলনা জেলা প্রশাসনের শ্রদ্ধাঞ্জলি

১৫ই আগস্টঃ জাতীয় শোক দিবস। ১৯৭৫ সালের এই দিনে পরিবারের সদস্য সহযোগে শাহাদাৎ বরণ করেছিলেন স্বাধীনতার মহান স্থপতি বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ঘাতকের বুলেট বুকে ধারণ করে বাঙালি জাতিকে আবদ্ধ করেছেন রক্তের ঋণে। জীবনের অধিকাংশ সময় কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে কাটিয়ে, অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে এবং গণতন্ত্র ও মানুষের অধিকারের পক্ষে আন্দোলন সংগ্রাম করে বাঙালি জাতিকে উপহার দিয়েছিলেন স্বপ্নের বাংলাদেশ। তাই আজও বাংলার বুকে জাতির পিতার বজ্রকণ্ঠ ধ্বনিত হয় বারবার। তাঁর স্বপ্নে স্বপ্ন দেখে বাঙালি। তাঁর সাহসে সাহসী হয় এ জাতি। প্রতিটি বাঙালির হৃদয়ে তিনি চির ভাস্বর। তিনি আমাদের জাতির পিতা। আমাদের পরিচয়। 'জাতীয় শোক দিবস, ২০২০'-এ জাতির পিতার প্রতি জেলা প্রশাসন, খুলনা'র বিনম্র শ্রদ্ধাঞ্জলি। স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস, ২০২০' পালন উপলক্ষে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ বাংলাদেশ বেতার, খুলনাস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। দিনের শুরুতেই বীর মুক্তিযোদ্ধাগণ জেলা প্রশাসক মহোদয়ের নেতৃত্বে খুলনা জেলা ও মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডের পক্ষে শ্রদ্ধার্ঘ নিবেদন করেন। এরপরই শ্রদ্ধা নিবেদন করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র ও খুলনা মহানগর আওয়ামীলীগের সভাপতি তালুকদার আব্দুল খালেক। বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদারের নেতৃত্বে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বিভাগীয় প্রশাসন, খুলনা। জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা প্রশাসন, খুলনা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।




জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর ভাস্কর্যে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ-এঁর নেতৃত্বে জেলা প্রশাসন

বীর মুক্তিযোদ্ধাগণের শ্রদ্ধা নিবেদনের পরপরই বিভিন্ন সরকারি দপ্তর, রাজনৈতিক দল, বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল-কলেজ ও সাংস্কৃতিক অঙ্গসংগঠন জাতির পিতার স্মরণে শ্রদ্ধা জ্ঞাপন করে। জেলা প্রশাসন, খুলনা'র তত্ত্বাবধানে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত নিয়ম ও স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালের ১৫ই আগস্ট শাহাদাৎ বরণকারী সকল শহিদের প্রতি শোকসন্তপ্ত হৃদয়ে শ্রদ্ধা নিবেদন করেন খুলনাবাসী।

## জাতীয় শোক দিবস, ২০২০ উপলক্ষে আলোচনা সভা



জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে 'জাতীয় শোক দিবস, ২০২০'-এ ১৯৭৫ সালের ১৫ই আগস্ট শাহাদাৎ বরণকারী সকল শহিদের স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, Zoom App এ সংযুক্ত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার এবং কেএমপি'র পুলিশ কমিশনার খন্দকার লুৎফুল কবির। এছাড়াও উপস্থিত ছিলেন সাবেক মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার অধ্যাপক মোঃ আলমগীর কবীর, মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমডিএ বাবুল রানা, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সুজিত অধিকারী এবং জেলা প্রশাসনসহ জেলার বিভিন্ন দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভা শেষে বাংলা একাডেমির চিত্রাঙ্কণ ও আবৃত্তি প্রতিযোগিতা, খুলনা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতা, সঙ্গীত প্রতিযোগিতা ও ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন জেলা প্রশাসক মহোদয়।

## শোক দিবসে জেলা প্রশাসন খুলনার আয়োজনে ২০৭৫ বার কোরআন খতম ও দোয়া মাহফিল



শোক দিবস উপলক্ষে কোরআন খতম ও দোয়া মাহফিল অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

খুলনা জেলা প্রশাসনের আয়োজনে 'মুজিববর্ষ ও জাতীয় শোক দিবস, ২০২০' উপলক্ষে ১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ঐ কালো রাতে শাহাদাৎ বরণকারী সকল শহিদ সূর্যসন্তান ও মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণের সম্মানে মুজিববর্ষের শোক দিবসে জেলা প্রশাসন, খুলনা'র স্ব-উদ্যোগে (১৯৭৫+১০০) = ২০৭৫ বার পবিত্র কোরআন খতম এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় আজ। ১৯৭৫ সালের বিভীষিকাময় ১৫ আগস্টে নৃশংসভাবে সপরিবারে হত্যা করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। মহান এ নেতার আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করে তাঁর মৃত্যু সনের সাথে সামঞ্জস্য রেখে ১৯৭৫ সংখ্যক এবং ২০২০ সনটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী হওয়ায় শতক বা ১০০ সংখ্যক; অর্থাৎ সর্বমোট (১৯৭৫+১০০=২০৭৫) সংখ্যক বার পবিত্র কোরআন শরীফ খতম দেওয়া হয়। তৎপ্রেক্ষিতে ১৫ আগস্ট আত্মত্যাগকারী শহিদদের আত্মার মাগফিরাত কামনায় খুলনা মহানগরীর আলিয়া কামিল মাদ্রাসা ও তা'লিমুল মিলাত মাদ্রাসাসহ ৯টি উপজেলার দুই শতাধিক মাদ্রাসায় প্রায় ৬০০০ এতিম ও কোরআনে হাফেজ তালেবে এলেমের মাধ্যমে ২০৭৫ বার কোরআন খতম কার্যক্রম বিগত ০১ আগস্ট হতে চালু করা হয়। উদ্ভূত করোনাভাইরাস পরিস্থিতিতে স্ব-স্ব মাদ্রাসায় হাফেজ ছাত্রগণ স্বাস্থ্যবিধি অনুসরণ করে সামাজিক দূরত্ব বজায় রেখে পবিত্র কোরআন শরীফ খতম এবং ১৫ আগস্ট, ২০২০-এ বাদ জোহর উপজেলা ও মহানগরীতে Zoom Cloud Conference এর মাধ্যমে আয়োজিত দোয়া মাহফিল ও মোনাজাতে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এসএম কামালসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং zoom cloud conference এর মাধ্যমে সংযুক্ত ছিলেন খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) মোঃ কামাল হোসেন, খুলনার বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার, কেএমপি'র পুলিশ কমিশনার খন্দকার লুৎফুল কবির, এবং খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহসহ উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ। এছাড়া উপস্থিত ছিলেন কেএমপি'র অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রকিবুল ইসলাম, প্রেস ক্লাবের সভাপতি এসএম নজরুল ইসলাম, আলেম সমাজের প্রতিনিধিসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম প্রয়োগের মাধ্যমে খুলনা জেলায় মহানগরী ও উপজেলাসমূহের সকল মাদ্রাসায় zoom cloud conference এর মাধ্যমে জেলা প্রশাসন, খুলনা কর্তৃক এই অনন্য উদ্যোগ গ্রহণ করা হয়। সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে বিশেষ প্রার্থনা আয়োজিত হয়।

## খুলনায় ত্রাণ গুদাম ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন

২৪ আগস্ট, ২০২০ তারিখে জেলা ত্রাণ গুদাম ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র, খুলনা'র ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ব্যবস্থাপনায় বাস্তবায়নাধীন এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আজিজুল হক জোয়ার্দ্দারসহ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণ।



ত্রাণ গুদাম ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা প্রশাসকের তত্ত্বাবধানে খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ বাস্তবায়ন শুরু

৩১ আগস্ট, ২০২০ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র ঐকান্তিক প্রচেষ্টায় দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকা 'খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কাজ শুরু হয়। এব্যাপারে জেলা প্রশাসক প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের ব্রিফ করেন। ইতোপূর্বে 'খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কাজ দীর্ঘদিন যাবৎ শুরু না হওয়ার প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে জেলা প্রশাসক, খুলনা'র আহ্বায়নে ১৮ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে খুলনা সার্কিট হাউজে জেলা প্রশাসন, খুলনা; খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এবং খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষের মধ্যে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার এবং উপর্যুক্ত তিন সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভার সিদ্ধান্ত অনুযায়ী খুলনার উন্নয়নের লক্ষ্যে এবং সাধারণ জনগণের স্বার্থে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর নিকট খুলনা শিপইয়ার্ড কর্তৃক বর্ণিত ১.১৭৫০ একর জমি হস্তান্তর করবে মর্মে ২০ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জেলা প্রশাসন, খুলনা এবং খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষের মধ্যে একটি একরারনামা স্বাক্ষরিত হয়। একরারনামার শর্ত মোতাবেক জেলা প্রশাসক, খুলনা'র নির্দেশে উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা মোঃ ইকবাল হোসেন ও অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ.), খুলনা মোছাঃ শাহানাজ পারভীন এর সরেজমিন তত্ত্বাবধানে খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের উপস্থিতিতে ৩১ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে শিপইয়ার্ড লিমিটেড এর ১.১৭৫০ একর জমির সীমানা চিহ্নিত করে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অনুকূলে দখল বুঝিয়ে দেওয়া হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র ঐকান্তিক প্রচেষ্টায় দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকা 'খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কাজ শুরু হয়। উল্লেখ্য, 'খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের জন্য ৭ মে, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ২.৮৯৫ হেক্টর বা ৭.১৫ একর জমি অধিগ্রহণের নিমিত্ত অর্থ অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ৩০ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে ৭.১৫ একর জমি অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করেন।



খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ বাস্তবায়ন শুরুর পূর্বে সীমানা নির্ধারণের কাজ চলছে




খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ বাস্তবায়ন সম্পর্কে গণমাধ্যমে বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ


## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাঙালির মুক্তির সনদ ৬ দফা বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত



২৬ আগস্ট, ২০২০ তারিখে অনুষ্ঠিত হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাঙালির মুক্তির সনদ ৬-দফা' বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার প্রদান ও সনদ বিতরণ অনুষ্ঠান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটির আয়োজনে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি। খুলনা জেলা ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে এই পুরস্কার বিতরণ ও সনদ প্রদান অনুষ্ঠানে সংযুক্ত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ'র সভাপতিত্বে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষ থেকে সংযুক্ত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার, অতিরিক্ত পুলিশ কমিশনার সরদার রকিবুল ইসলাম এবং খুলনার পুলিশ সুপার এস এম শফিউল্লাহ। সমগ্র বাংলাদেশ থেকে ৪৬,৬৭৫ জন সফল অংশগ্রহণকারীর মধ্যে 'শতবর্ষে শত পুরস্কার' এই থিমের ভিত্তিতে মোট ১০০ জন বিজয়ী নির্ধারণ করা হয়। খুলনা জেলা থেকে ৫ম স্থান অধিকার করেন রেলওয়ে মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক খুকু রাণী ঘোষ এবং ৮৩তম স্থান অধিকার করে বিশেষ পুরস্কার লাভ করেন ১৯৭১-গণহত্যা নির্যাতন আর্কাইভ ও গবেষণা কেন্দ্রের মোঃ সাব্বির মাহমুদ। পুরস্কারপ্রাপ্ত দুইজন বক্তব্য প্রদানকারীর মধ্যে একজন হলেন খুলনার খুকু রাণী ঘোষ। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনার দুইজন বিজয়ীর হাতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ ও অর্থ-পুরস্কারের চেক তুলে দেন। অনুষ্ঠানে খুলনা প্রান্ত থেকে আরো সংযুক্ত ছিলেন সিভিল সার্জন, খুলনা ডাঃ সুজাত আহমেদ, খুলনা মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমডিএ বাবুল রানা, খুলনা জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সুজিত অধিকারী, সাবেক খুলনা মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার অধ্যাপক আলমগীর কবির, জেলা আনসার ও ভিডিপি কমান্ডার, খুলনা, খুলনা প্রেস ক্লাবের সভাপতি এস এম নজরুল ইসলাম, খুলনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোঃ মুঙ্গি মাহবুব আলম সোহাগ, খুলনার বিভিন্ন সরকারি অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাঙালির মুক্তির সনদ ৬ দফা বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি




**সার্বিক তত্ত্বাবধানে**

**মোহাম্মদ হেলাল হোসেন পিএএ**
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

**সম্পাদনায়**

**জিয়াউর রহমান পিএএ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা ও
আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**মোঃ রাকিবুল হাসান**
সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**শারমিন জাহান লুনা**
সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**দেবাশীষ বসাক**
সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য সচিব, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**ফেসবুক পেজসমূহ ঃ**

* মিডিয়া সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
* DC Khulna

উন্নয়ন বার্তা